

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন, (লেভেল-১৩)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

স্মারক নং-এবাএখা/আইটি/অনলাইন ব্যাংকিং/৪৫/২০১৬- ২২২০


তারিখঃ ০৪/০৯/২০১৯ খ্রি.

বিষয়ঃ আমার বাড়ি আমার খামার প্রকল্পের (৩য় সংশোধিত) আওতায় নতুন সমিতি পল্লী সঞ্চয় ব্যাংকের কোর ব্যাংকিং সফটওয়্যারে গঠন করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রকল্পের মেয়াদ আগামী জুন, ২০২০ মাসে শেষ এবং প্রকল্প শেষে সমিতিসমূহ পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর হবার বিষয়টি বিবেচনা করে আমার বাড়ি আমার খামার প্রকল্পের (৩য় সংশোধিত) আওতায় অনলাইনে সমিতি গঠনের বিদ্যমান পদ্ধতিতে পরিবর্তন আনা হয়েছে। এখন হতে প্রকল্পের অনলাইন সফটওয়্যারে নতুন সমিতি গঠন করার প্রয়োজন নেই।

নতুন সমিতি গঠনের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাইক্রোফিন্যান্স মডিউল ব্যবহার করতে হবে। ব্যাংকের মাইক্রোফিন্যান্স মডিউলে সমিতি গঠন ও সদস্য এন্ট্রি দেয়ার জন্য সংশ্লিষ্ট মাঠ সহকারীদের ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হবে। ইউজার আইডি ও পাসওয়ার্ড বরাদ্দের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের আইটি শাখায় যোগাযোগ করতে হবে। কম্পিউটার অপারেটরগণ মাঠ সহকারীদের নিকট হতে গৃহীত অর্থ মাইক্রোফিন্যান্স মডিউলে পোস্টিং প্রদান করবেন। ইউজার আইডি ও পাসওয়ার্ড বরাদ্দে বিলম্ব হলে সমিতি গঠনের প্রাথমিক কাজ (সদস্য নির্বাচন, সদস্যদের তথ্যাদি সংগ্রহ ইত্যাদি) সম্পন্ন করে রাখতে হবে যাতে ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়ার সাথে সাথে অনলাইনে সমিতি গঠন ও সদস্য এন্ট্রির কাজ করা যায়।

এমতাবস্থায়, আগামী ০৫/০৯/২০১৯ তারিখ হতে আমার বাড়ি আমার খামার প্রকল্পের (৩য় সংশোধিত) আওতায় নতুন সমিতি গঠনের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের মাইক্রোফিন্যান্স মডিউল ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৩৫৯০৮৩ ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬

উপজেলা সমন্বয়কারী (সকল)

----- উপজেলা ----- জেলা

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;
৩. উপপ্রকল্প পরিচালক (সকল), আবাআখা প্রকল্প, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল) -----
৫. ডাটাবেজ এডমিনিস্ট্রেটর পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা;(তাকে ফিল্ডের চাহিদা মোতাবেক ইউজার আইডি ও পাসওয়ার্ড বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধ করা হলো);
৬. জেলা সমন্বয়কারী (সকল) ----- জেলা;
৭. প্রোগ্রামার (সকল)/সহকারী প্রোগ্রামার/সহকারী পরিচালক (সকল)/এ.এম.ই., আবাআখা প্রকল্প, ঢাকা;
৮. উপজেলা সমন্বয়কারী (সকল), ----- উপজেলা ----- জেলা।